দৈনিক ইনকিলাব

তারিখ ··· MAR. 17 1999 ··· ···
পৃষ্ঠা ৫ কলাম ৬ ·····

118

## উত্তরাঞ্চলে একটি পৃথক মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপনের দাবী

বগুড়া অফিস ঃ উত্তরাঞ্চলে একটি পৃথক মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপনের দাবীতে সম্প্রতি সন্ধ্যায় বগুড়া প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সাম্প্রতিককালে দেশে মাদ্রাসা নিয়ে পরিচালিত ষড়যন্ত্রে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে জানান হয়, চলতি শিক্ষা বছরের আড়াই মাস সময় পার হওয়ার পরও এবতেদায়ী মাদ্রাসাসমূহের ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত বোর্ড নির্ধারিত পাঠ্যপুস্তক এখনও বাজারে ছাড়া হয়নি। ফলে দেশের উত্তরাঞ্চলে এবতেদায়ী মাদ্রাসার ৬০ হাজার ছাত্রের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। ইচ্ছা থাকা সত্ত্বেও অনেকেই এবতেদায়ী মাদ্রাসা ছেড়ে প্রাইমারী স্কুলে গিয়ে ভর্তি হচ্ছে। অথচ দেশের উত্তরাঞ্চলে একটি স্বতন্ত্র মাদ্রাসা বোর্ড থাকলে এই দুর্ভোগ হত না বলে সাংবাদিক সম্মেলনে অভিমত ব্যক্ত করা হয়। উত্তরবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড বাস্তবায়ন সমন্বয় পরিষদ আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের মহাসচিব মুহাম্মদ আবু বকর সিদ্দিক। সম্মেলনে সংগঠনের চেয়ারম্যান মাওঃ মোজাম্মেল হকসহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।